

‘শেখ রাসেল দিবস-২০২২’ উদযাপন সংক্রান্ত

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর কনিষ্ঠপুত্র শেখ রাসেল-এর ৫৮তম জন্মবার্ষিকী উপলক্ষে ‘শেখ রাসেল দিবস-২০২২’ উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরে সকাল ০৮.৩০ ঘটিকায় সদস্য (প্রশাসন) মহোদয়ের নেতৃত্বে কর্তৃপক্ষের ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারির অংশগ্রহণে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



এছাড়া, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের সম্মেলন কক্ষে (লেভেল-৬) সকাল ০৯.০০ ঘটিকায় সদস্য (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে সদস্যবৃন্দ, প্রধান প্রকৌশলী, নির্বাহী পরিচালক, পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উপ-পরিচালকবৃন্দসহ উপস্থিত সবাইকে নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বঙ্গবন্ধুপুত্র শেখ রাসেলের জীবনের উপর একটি সংক্ষিপ্ত ভিডিও ডকুমেন্টারি প্রদর্শিত হয়।



‘শেখ রাসেল দিবস ২০২২’ বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সিভিল এভিয়েশন একাডেমির পরিচালক জনাব প্রশান্ত কুমার চক্রবর্তী। এছাড়াও কর্তৃপক্ষের সদস্য (এটিএম) এয়ার কমডোর মোঃ রেয়াদাদ হোসেন, বিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক (সিএনএস) জনাব মোঃ মাহাবুবুর রহমান, প্রযুক্তি সহকারী জনাব ফরিদ উদ্দিন এবং ভাণ্ডার রক্ষক জনাব আহমেদ হোসেন। সভায় বক্তাগণ শেখ রাসেলের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। অনুষ্ঠানের সভাপতি মহোদয় সদস্য (প্রশাসন) ও বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ মিজানুর রহমান-এর বক্তব্যের মধ্যে দিয়ে আলোচনা সভা সমাপ্ত হয়।

